
# রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহী।

| রাজশাহী পওর সার্কেল, বাপাউবো, রাজশাহীর অধিক্ষেত্রভুক্ত নদ-নদী ও পানিসম্পদের ব্যবস্থাপনায় চলমান প্রকল্পসমূহ। | |
|---|---|
| **চলমান প্রকল্পের নামঃ** | **"নওগাঁ জেলার ধামুইরহাট, পত্নীতলা ও মহাদেবপুর উপজেলাধীন ৩টি প্রকল্পের পুনর্বাসন এবং আত্রাই নদীর ড্রেজিংসহ তীর সংরক্ষণ" প্রকল্প।** |
| **পটভূমিঃ** | আত্রাই নদী<br>আত্রাই নদীটি ভারত থেকে উৎপত্তি হয়ে বাংলাদেশের পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলার ভোজনপুর ইউনিয়ন দিয়ে বাংলাদেশে প্রবেশ করে তেঁতুলিয়া, পঞ্চগড় সদর, বোদা, দেবীগঞ্জ, বীরগঞ্জ, খানসামা দিয়ে প্রবাহিত হয়ে দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার মালিজল নামক স্থানে আত্রাই নদী নাম ধারণ করে দিনাজপুর সদর হয়ে নদীটি ভারতে প্রবেশ করেছে। পুনরায় আত্রাই নদীটি ভারত হতে নওগাঁ জেলার ধামুরহাট উপজেলার শীমুলতলী দিয়ে বাংলাদেশে প্রবেশ করে সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলার পোটাজিয়া ইউনিয়নে হুড়াসাগর নদীতে পতিত হয়েছে। নদীটি সর্পিলাকার প্রকৃতির, এর দৈর্ঘ্য প্রায় ২৬৯ কিঃমিঃ, গড় প্রস্থ প্রায় ১৭৭ মিটার। নওগাঁ জেলার ধামুইরহাট, পত্নীতলা ও মহাদেবপুর উপজেলার ভাঙ্গাণ কবলিত স্থানগুলোতে নদী তীর প্রতিরক্ষামূলক কাজ, বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনরাকৃতিকরণ কাজ, আত্রাই নদীর পানি প্রবাহ সচল রাখার জন্য ড্রেজিং, খাল পুনঃখনন ও ৫টি রেগুলেটর মেরামত করার জন্য কারিগরি কমিটির সুপারিশ ও পানিসম্পদ মন্ত্রনালয় এবং পরিকল্পনা মন্ত্রণালেয়ের সুপারিশের আলোকে **"নওগাঁ জেলার ধামুইরহাট, পত্নীতলা ও মহাদেবপুর উপজেলাধীন ৩টি প্রকল্পের পূনর্বাসন এবং আত্রাই নদীর ড্রেজিংসহ তীর সংরক্ষণ" প্রকল্পটি একনেক কর্তৃক অনুমোদিত হয়।**<br><br>একনেকে প্রকল্প অনুমোদন ২০-০৭-২০২০ খ্রিঃ, সরকারি আদেশ (জিও) জারী ২০-০৯-২০২০ খ্রিঃ এবং প্রসাশনিক আদেশ (এও) জারী ২১-০৭-২০২০ খ্রিঃ। |
| **প্রকল্পের উদ্দেশ্যঃ** | ➢ ২৭.০০ কিঃমিঃ ড্রেজিং কাজ, ২৫.০০ কিঃমিঃ বন্যা নিয়ন্ত্রণ বাঁধ পুনঃরাকৃতিকরণ কাজ, ৫.১৪৫ কিঃমিঃ তীর প্রতিরক্ষামূলক কাজ, ৫.০০ টি রেগুলেটর মেরামত কাজ, ৬.০০ কিঃমিঃ খাল পুনঃখনন কাজ।<br>➢ পুরাতন ৩টি প্রকল্পের পূনর্বাসন কাজ বাস্তবায়িত হলে প্রকল্পগুলোর কার্যকারিতা বৃদ্ধিসহ বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ ব্যবস্থার উন্নয়ন হবে।<br>➢ নদী তীর সংরক্ষণ কাজ বাস্তবায়ন করা হলে বাড়ি-ঘর, রাস্তা-ঘাট, কৃষি জমি, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, বাঁধ, হাট-বাজার ও অন্যান্য সরকারি-বেসরকারি সম্পদ নদী ভাংগন হতে রক্ষা পাবে।<br>➢ নদী ড্রেজিং/খাল পূনঃখনন কাজ বাস্তবায়িত হলে নাব্যতা, পানি ধারণ ক্ষমতা এবং কৃষি ও মৎস্য উৎপাদন বেড়ে যাবে।<br>➢ নদীর গতি পথ পরিবর্তন রোধ হবে। |
| **প্রকল্প এলাকাঃ** | নওগাঁ জেলার ধামুইরহাট, পত্নীতলা ও মহাদেবপুর উপজেলা। |
| **প্রকল্পের বাস্তবায়নকালঃ** | জুলাই/২০২০ খ্রিঃ হতে জুন/২০২৪ খ্রিঃ। |
| **প্রকল্পেরপ্রাক্কলিতব্যয়ঃ** | ১৭৬৩৬.৪১ লক্ষ টাকা। |

Google Map of Rehabilitation of 3 nos Project in Upazila: Dhamoirhat, Patnitala & Mohadevpur District: Naogaon and Bank Protection Project Including Dredging of Atrai River Project.




বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
নওগাঁ পওর বিভাগ, বাপাউবো, নওগাঁ।

নদী তীর সংরক্ষন কাজের স্থিরচিত্রঃ







চিত্রঃধামুইরহাট উপজেলার পূর্বনন্দনপুর নামকস্থানে কাজের বর্তমান অবস্থা।






চিত্রঃ পত্নীতলা উপজেলার মাহমুদপুর নামকস্থানে কাজের বর্তমান অবস্থা।





চিত্রঃধামুইরহাট উপজেলার উদয়শ্রী নামকস্থানে কাজের বর্তমান অবস্থা।





চিত্রঃ পত্নীতলা উপজেলার পূর্ব পাটিচড়া নামকস্থানে কাজের বর্তমান অবস্থা।






চিত্রঃ পত্নীতলা উপজেলার বৈরাগীপোতা নামকস্থানে কাজের বর্তমান অবস্থা।




চিত্রঃ পত্নীতলা উপজেলার ৬.০০ কিঃমিঃ খাল পুনঃখনন কাজের বর্তমান অবস্থা।




চিত্রঃ পত্নীতলা উপজেলার রাজপাথ রেগুলেটর মেরামত কাজের বর্তমান অবস্থা।




চিত্রঃ ধামুইরহাট উপজেলার আত্রাই নদী ড্রেজিং কাজের বর্তমান অবস্থা।




চিত্রঃ পত্নীতলা উপজেলার আত্রাই নদী ড্রেজিং কাজের বর্তমান অবস্থা।




চিত্রঃ মহাদেবপুর উপজেলার বুড়াশিবতলা নামকস্থানে বাঁধ পুনঃরাকৃতিকরণ কাজের বর্তমান অবস্থা।